**কবিতা/গল্প প্রকাশ**
সংবাদপত্রের সাহিত্য পৃষ্ঠায় "কবিতা/গল্প" প্রকাশিত করতে যোগাযোগ নং- ৯০৬২৮৬৭৯২১
* * * * * * * * * * * * * * * * * * *

হাওড়া থেকে প্রকাশিত বাংলা দৈনিক

# এই যুগ
EI YUG

"ওঠো, জাগো, লক্ষ্যে না পৌঁছানো পর্যন্ত থামো না"
- স্বামী বিবেকানন্দ



ইন্টারনেট সংস্করণ : eiyug.in [ PRICE। মূল্য-2 টাকা ]

HOWRAH । হাওড়া DAILY।দৈনিক RNI:WBBEN/2020/81746 30 JUNE 2025 , MONDAY । ৩০ জুন ২০২৫ , সোমবার VOLUME । বর্ষ-5 ISSUE । সংখ্যা-318 PAGE । পৃষ্ঠা-4

## কসবা ল' কলেজের গনধর্ষণ কাণ্ডে দোষীদের শাস্তির দাবিতে কুমারগ্রাম থানা ঘেরাও বিজেপির




সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ জুন : কসবা আইন কলেজে ছাত্রীকে গন ধর্ষণের ঘটনায় দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়ে ও শুক্রবার বিজেপির রাজ্য সভাপতি তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদারকে কলকাতায় অন্যায় ভাবে গ্রেপ্তারের প্রতিবাদে শনিবার কুমারগ্রাম থানা ঘেরাও করলো বিজেপি। দলের কুমারগ্রাম দুই নম্বর মন্ডল কমিটির উদ্যোগে আয়োজিত এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন আলিপুরদুয়ার এর সাংসদ মনোজ টিগ্গা কুমারগ্রামের বিধায়ক মনোজ কুমার ওঁরাও , বিজেপির এস সি এস টি সেলের রাজ্য সহ সভাপতি দশরথ তিরকি , দলের আলিপুরদুয়ার জেলা সভাপতি মিঠু দাস , জেলা সম্পাদক সুনিল মাহাতো , দুই নম্বর মন্ডল কমিটির সভাপতি ললিত দাস সহ অন্যান্য নেতৃত্ব। সাংসদ মনোজ টিগ্গা তার বক্তব্যে পুলিশকে হুশিয়ারি দিয়ে বলেন পুলিশ গরু মহিষ কয়লা পাচার থেকে শুরু করে বালি ও পাথর খাদান সহ বিভিন্ন দূর্নীতিতে মদত দিচ্ছে। রাজ্যের সর্বত্র বিজেপি কর্মীদের জেলে পোরার ভয় দেখিয়ে সন্ত্রস্ত করে রেখেছে। রাজ্যের শাসম দলের দলদাস পুলিশকে হুশিয়ারি দিয়ে সাংসদ বলেন পুলিশ নিরপেক্ষ ভাবে কাজ করুক। যদি তা না করে তবে বিজেপি রাজ্যজুড়ে বৃহত্তর আন্দোলন শুরু করবে। ছাব্বিশে রাজ্যে টি এম সি পরাজিত হবে এবং বিজেপি ক্ষমতায় আসবে বলেও তিনি মন্তব্য করেন।

## কসবা ল' কলেজের ঘটনায় বিতর্কিত মন্তব্য করায় মদন কে শোকজ



এই যুগ , কলকাতা ,২৯ জুন : কসবায় ল' কলেজের ঘটনায় বিতর্কিত মন্তব্য করায় কামারহাটির তৃণমূল বিধায়ক মদন মিত্রকে শোকজ করেছে তৃণমূল। দলীয় শৃঙ্খলাভঙ্গের অভিযোগে তাঁকে এই শোকজ করা হয়েছে এবং তিন দিনের মধ্যে জবাব চাওয়া হয়েছে।কসবা ধর্ষণকাণ্ডে মদন মিত্র নির্যাতিতা ছাত্রীর প্রসঙ্গে মন্তব্য করেন - 'একা না গেলে এমন ঘটনা ঘটত না। দুর্বৃত্তরা পরিস্থিতির সুযোগ নিয়েছে। ছাত্রী একা গেলেন কেন? কাউকে জানিয়ে যেতে পারতেন। অন্য মেয়েদেরও এর থেকে শিক্ষা নেওয়া উচিত। এমন ক্ষেত্রে তৃণমূল পার্টি অফিসে জানান , আমাদের কর্মীরা নিরাপত্তা দেবে।'মদন মিত্রের এই মন্তব্যের পরেই নানা মহলে তীব্র প্রতিক্রিয়া দেখা যায়।

## কসবা ল’ কলেজের ঘটনায় নিগৃহীতা ছাত্রীর অভিযোগের সত্যতা ক্রমশ জোরালো হচ্ছে




এই যুগ , কলকাতা ,২৯ জুন : কসবা ল’ কলেজের ঘটনায় নিগৃহীতা ছাত্রীর অভিযোগের সত্যতা ক্রমশ জোরালো হচ্ছে। পুলিশ সূত্রে খবর , সিসিটিভি ফুটেজে এমন কিছু দৃশ্য মিলেছে যা নির্যাতিতার অভিযোগের সত্যতা প্রমাণ করে। পুলিশ আরও ভালো করে সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখছে, যাতে প্রতিটি বক্তব্য ও অভিযোগ পরস্পর মিলিয়ে দেখে তদন্তে কোনও ফাঁক না থাকে।পুলিশ সূত্রে খবর , ঘটনার দিন কী হয়েছিল তা নির্যাতিতা তাঁর অভিযোগে জানিয়েছিলেন। বলেছিলেন যে তাঁকে জোর করে কলেজ গেট থেকে ভিতরে নিয়ে যাওয়া হয়েছিল। সিসিটিভি ফুটেজে সেই ঘটনার প্রমাণ মিলেছে। একইসঙ্গে তিনি বলেছেন , অসুস্থ বোধ করায় তিনি কলেজ থেকে পালিয়ে যেতে চেয়েছিলেন। কিন্তু তিনি দেখেন যে মেন গেট তালা বন্ধ। সেই সময় মনোজিতের দুই সহযোগী তাঁকে জোর করে ইউনিয়ন রুমের দিকে নিয়ে যায় । পুলিশ সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখে এই অভিযোগেরও সত্যতা পেয়েছে বলে জানা গেছে।পুলিশ ঘটনার পুনর্নির্মাণে নির্যাতিতাকে ঘটনাস্থলে নিয়ে গিয়েছিল। সেখানে তিনি লিখিত অভিযোগে ঘটনার যে বিবরণ দিয়েছেন , সেই অনুযায়ী ঘটনার পুনর্নির্মাণ করা হয়। কোন সময়ে কোথায় কী ঘটেছিল , সেই ঘটনা বয়ানের সঙ্গে পরপর মিলিয়ে দেখা হয়েছে। পুলিশের এই প্রমাণ জোগাড় করা মামলার বিচারের সময় গুরুত্বপূর্ণ প্রমাণ হিসেবে বিবেচিত হবে।

## কসবা ল' কলেজে ছাত্রীকে গন ধর্ষণের ঘটনার প্রতিবাদে কোতোয়ালি থানা ঘেরাও ছাত্র পরিষদের



এই যুগ , কোচবিহার ,২৯ জুন : সাউথ ক্যালকাটা ল কলেজে ছাত্রীকে গন ধর্ষণের ঘটনায় দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি ও মুখ্যমন্ত্রীর পদত্যাগ এর দাবিতে কোচবিহার কোতোয়ালি থানা ঘেরাও করলো কোচবিহার জেলা ছাত্র পরিষদ। শনিবারদিন ছাত্র পরিষদের কর্মী সমর্থকরা মিছিল করে কোতোয়ালি থানায় আসেন ও থানা ঘেরাও করে বিক্ষোভ প্রদর্শন করেন। ছাত্র পরিষদের রাজ্য সহ সভাপতি শুভঙ্কর সরকার এদিনের কর্মসূচীতে নেতৃত্ব দেন। তিনি বলেন রাজ্যে শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে একের পর এক নারকীয় ঘটনা ঘটছে। এর আগে আর জি কর কান্ড ঘটেছে, এখন আইন কলেজে গণ ধর্ষনের ঘটনা রাজ্যে মহিলাদের নিরাপত্তাহীনতার নজির। রাজ্যের মুখ্যমন্ত্রী একজন মহিলা , তিনি রাজ্যের মহিলাদের নিরাপত্তা দিতে ব্যর্থ। এই মুখ্যমন্ত্রীর পদত্যাগ সহ গন ধর্ষনে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়ে আজকের এই থানা ঘেরাও কর্মসূচি।

## জেলার কথা

### আলিপুরদুয়ার জেলা হাসপাতালে হবে মাইক্রো সার্জারি অপারেশন



মলয় দেবনাথ ,এই যুগ , আলিপুরদুয়ার ,২৯ জুন : চিকিৎসায় নতুন দিগন্ত খুলে গেল আলিপুরদুয়ার জেলা হাসপাতালে। এই প্রথম আলিপুরদুয়ার জেলা হাসপাতালে মাইক্রো সার্জারি শুরু হলো। মাইক্রো সার্জারির প্রথম দিনেই সফল অপারেশন। এমনটাই জানিয়েছেন স্বাস্থ্য দপ্তরের কর্মকর্তারা রবিবার বিকেল তিনটে নাগাদ। পেটে ব্যথা নিয়ে এক নার্সিংহোম থেকে অন্য নার্সিংহোমে দৌড়াদৌড়ি করছিলেন কোচবিহার জেলার বাসিন্দা অনিতা বর্মন। এরপরেই তাকে ভর্তি করা হয় আলিপুরদুয়ার জেলা হাসপাতালে। সেখানে তাকে মাইক্রো সার্জারি করে পেট থেকে বার করা হয় প্রচুর পাথর। আলিপুরদুয়ারের শল্য চিকিৎসক মনোজিৎ বর্মন বলেন পেটে ব্যথা নিয়ে ওই রোগী এসেছিলেন। আল্ট্রাসনোগ্রাফি করে গলব্লাডারে পাথর ধরা পড়ে। এরপরেই হাসপাতালে তাকে মাইক্রো সার্জারি করে পাথর বের করা হয়েছে। হাসপাতালে সুপার পরিতোষ মন্ডল জানিয়েছেন হাসপাতালে নতুন সার্জেন এসেছেন। মাইক্রো সার্জারি শুরু হলো হাসপাতালে। আলিপুরদুয়ার জেলা হাসপাতালে মাইক্রো সার্জারি চালু হওয়ায় এবার প্রান্তিক জেলার সাধারণ মানুষ উপকৃত হবেন।

# উদ্ধার গুলি সহ আগ্নেয়াস্ত্র , গ্রেপ্তার দুই



নিজস্ব সংবাদদাতা , এই যুগ , মুর্শিদাবাদ ,২৯ জুন : মুর্শিদাবাদ জেলা পুলিশের রানীনগর থানার পুলিশ গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে শুক্রবার রাতে থানা এলাকায় অভিযান চালিয়ে দুই ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক ব্যক্তিদের হেফাজত থেকে উদ্ধার হয় একটি আগ্নেয়াস্ত্র , দুটি ম্যাগাজিন ও চার রাউন্ড গুলি। পুলিশ উদ্ধার করা সামগ্রী বাজেয়াপ্ত করে আটক দুই ব্যক্তিকে গ্রেপ্তার করে। ধৃতদের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করা হয়েছে ও শনিবার তাদের আদালতে পাঠানো হয়েছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

## কাগজের নৌকা

৩০ জুন ২০২৫ , সোমবার

### সুখ-দুঃখ

আশীষ কুমার কুন্ডু
( ব্যারাকপুর , পশ্চিমবঙ্গ )

জীবনটা এক যেন মরু-তীর্থ ,গুল্ম সমতুল্য ,
সুখের সিঁড়ি বড় পিঁছোল ,
মধুর সুখ থাকে বহু যোজন দূরে ,
হড়কে পড়ার বড় ভয় ,
সব যেন শূন্যতায় মিলিয়ে যায় ,
দৈন্য-তায় সবকিছু যেন পথ হারায়।
মনের ক্ষুধা বাড়ায় পাগলামি ,
বেঁচে আছি শুধু ,
বুকের ভেতর কষ্ট নিয়ে ,
বহাল তবিয়তে ,
শুধুই হৃদয় জুড়ে ,
কষ্টগুলো আগলে রেখে ,
ফিরেই আছে শুধু পাল তুলে ,
জরাজীর্ণ তীরে বইছে যেন বিষন্নতা ,
তাড়া করছে ক্ষনিকের আসভাসন ,
ক্ষণস্থায়ী জীবনে সুখ এসে কড়া নাড়ে ,
আঁধার নামবে অমাবস্যার রাতে ,
সমাজের চোখে হয়তো ,
জীবিত হয়েই যাবে ,
পুড়ে ছাই হয়ে ফিরবে তবুও ,
জীবন্ত এক কামনার অপলক চিত্তে ,
সব যেন রয়ে যাবে এই ভিটেতেই।।

# মহেশতলা এলাকায় মহিলার মৃত্যুকে ঘিরে চাঞ্চল্য




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ জুন : মহেশতলা এলাকার এক মহিলার অস্বাভাবিক মৃত্যু কে ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে। রবিবার রাত আটটা নাগাদ ওই মহিলাকে যশোডাঙ্গা গ্রামীণ হাসপাতালে আনার পর মৃত বলে ঘোষণা করে। পুলিশ সূত্রে জানা গেছে পারোকাটা গ্রাম পঞ্চায়েত এলাকার বাসিন্দা নীরাবালা দাস দীর্ঘদিন যাবত দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হয়ে চিকিৎসা করছিলেন। এদিন সন্ধ্যায় তার বাড়ির পাশে বাঁশের ঝাড়ে তাকে ঝুলন্ত অবস্থায় দেখতে পায় তার পরিবারের লোকেরা। এরপর পুলিশ কে খবর দিলে পুলিশ গিয়ে তাকে উদ্ধার করে যশোডাঙ্গা গ্রামীণ হাসপাতালে নিয়ে আসে। চিকিৎসক তাকে দেখে মৃত বলে ঘোষণা করে। সোমবার তার মৃতদেহ আলিপুরদুয়ার জেলা হাসপাতালে মর্গে পাঠাবে ময়নাতদন্তের জন্য। শামুকতলা রোড ফাঁড়ির পুলিশ একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা শুরু করেছে।

# রকিকে খুনের অভিযোগে গ্রেপ্তার বিকাশ কে পুলিশ হেফাজতে আনা হয়েছে




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ জুন : রকি মিনজ খুনে গ্রেফতার বিকাশ রাভাকে আলিপুরদুয়ার জেলা আদালত থেকে ছয় দিনের পুলিশ হেফাজতে আনা হয়েছে জিজ্ঞাসাবাদের জন্য। শামুকতলা থানার ধওলাঝোড়া ২ এলাকার বাসিন্দা রকি বিকাশের অধীনে কাজ করতেন দীর্ঘদিন যাবত। চারদিনের হাজিরা বাবদ তার কাছে বারশো টাকা পাওনা রয়েছে তার। শনিবার রাত সাতটা নাগাদ রকি বিকাশের বাড়িতে যায় টাকার জন্য। বিকাশ টাকা দিতে রাজি না হওয়ায় তার সঙ্গে বচসা বাঁধে। এর পরেই রকি তার বাড়ি থেকে বের হয়ে চলে আসে। পিছন দিক থেকে বিকাশ এসে তাকে ধারালো অস্ত্র দিয়ে দুটি কোপ মারে। প্রথম কোপ মারে কানের পাশে দ্বিতীয়টি তার গলায়। মুহূর্তের মধ্যেই রকি দৌড়ে বিকাশের ঘরে চলে যায়। পাড়া-প্রতিবেশীরা বিষয়টি দেখার পরেই পুলিশকে খবর দেয়। তৎক্ষণাৎ শামুকতলা থানার ওসি বিশ্বজিৎ দে বিশাল পুলিশ বাহিনী নিয়ে ঘটনাস্থলে চলে যায়। পুলিশের গাড়িতেই তাকে তুলে শামুকতলা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের নিয়ে আসে। পুলিশের কাছ থেকে জানা গেছে পুলিশের গাড়িতে তোলার সময় তার প্রাণ ছিল। কিন্তু স্বাস্থ্য কেন্দ্রে এসে পৌঁছানোর পরেই চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করে। এদিকে সুযোগ বুঝে বিকাশ বাড়ি থেকে পালিয়ে যায় প্রায় দুই কিলোমিটার দূর। একটি চার দোকানে বসে জল খাওয়ার সময় পুলিশ তাকে গিয়ে ধরে ফেলে। রাতেই পুলিশ ধারালো অস্ত্রসহ রক্ত যুক্ত মাটি এবং অন্যান্য সরঞ্জাম উদ্ধার করে আনে তদন্তের জন্য। রবিবার মৃতদেহ কোচবিহার জেলা হাসপাতালে পাঠানো হয় ময়নাতদন্তের জন্য। অন্যদিকে বিকাশ রাভা কে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠানো হয়। বিকাশকে আদালতে পাঠানোর সময় তার মা জোর করে গাড়িতে উঠার চেষ্টা করে। এমনকি পুলিশের সঙ্গে তার রীতিমতো ধস্তাধস্তি হয় গাড়িতে উঠার জন্য । কান্নায় ভেঙ্গে পড়ে তার মা সহ আত্মীয় পরিজনেরা। আদালত থেকে তাকে ছয়দিনের পুলিশ হেফাজতে আনা হয়েছে। শামুকতলা থানার ওসি বিশ্বজিৎ দে জানিয়েছেন খুন করার বিষয়টি বিকাশ পুলিশের কাছে স্বীকার করেছে। বিকাশকে পুলিশ হেফাজতে আনা হয়েছে জিজ্ঞাসাবাদ করার জন্য তার বিরুদ্ধে বিভিন্ন ধারায় মামলা শুরু হয়েছে।

# চোলাই তৈরির উপকরণ নষ্ট করলো পুলিশ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ জুন : চোলাই নিয়ে অভিযান চালিয়েছে শামুকতলা থানার অধীন ভাটিবাড়ি ফাঁড়ির পুলিশ। । আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের পারোকাটা গ্রাম পঞ্চায়েতের ব্রজের কুঠি এলাকায় এদিন অভিযান চালায় পুলিশ এমন টাই জানিয়েছেন ভাটিবাড়ী ফাঁড়ির ওসি দীপায়ন সরকার রবিবার বিকেল পাঁচটা নাগাদ। এদিন বিকেল তিনটে থেকে অভিযান শুরু হয়। এলাকার পাঁচটি বাড়িতে অভিযান চালিয়ে প্রচুর পরিমাণে চোলাই তৈরির উপকরণ নষ্ট করে দেয় পুলিশ। তবে কাউকে গ্রেফতার করেনি পুলিশ। এলাকার বাসিন্দাদের অভিযোগের পরিপ্রেক্ষিতেই পুলিশ এদিন অভিযান শুরু করে। আগামী কয়েক দিন ধরে এই অভিযান চলতে থাকবে ফাঁড়ির অধীন বিভিন্ন এলাকায়। মূলত নেশা মুক্ত সমাজ গড়ার লক্ষ্যেই চোলাই ব্যবসায়ীদের বিরুদ্ধে অভিযানে নেমেছে পুলিশ।

# বক্সা পাহাড়ে মিলেট চাষ শুরু




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ জুন : ফের বক্সা পাহাড়ে শুরু হতে চলেছে মিলেট চাষ। পূর্বে সান্তলাবাড়ি ও বক্সা পাহাড়ের আদমা, চুনাভাটি ,বক্সা দুয়ার সহ অন্যান্য গ্রামগুলোতে এই চাষ হলেও বিগত কয়েক দশক ধরে আবহাওয়া , পোকা মাকড় ও পাখির উপদ্রব সহ একাধিক কারনে প্রায় হারিয়েই গিয়েছে মিলেট সহ অন্যান্য ফসল চাষ। ফলে কর্মসংস্থানের অভাবে ভুগছিলেন বাসিন্দারা। এরপরই বক্সা , আদমা , চুনাভাটি , সহ অন্যান্য পাহাড়ী গ্রামের কৃষকদের পুনরায় কৃষিকাজ মুখী করতে বিশেষ উদ্যোগ গ্রহণ করলো কৃষি দফতর। কৃষি দফতরের তরফে প্রায় একশোর বেশি কৃষকদের মোট ২০০ কেজি উন্নতমানের মিলেটের বীজ প্রদান করা হয়েছে ইতিমধ্যে । মূলত পাহাড়ী অঞ্চলে হওয়া এই ফসল চাষের পদ্ধতি ধান সহ অন্যান্য ফসল চাষের থেকে অনেকটাই সহজ বলে দাবি কৃষি দফতরের। এছাড়া অন্যান্য একাধিক ফসলের তুলনায় এই মিলেটের পুষ্টিগুণও অনেক বেশি এবং এই চাষে খুব বেশি পরিমাণ সার ও জলেরও প্রয়োজন হয়না বলে কৃষি দফতর তরফে জানানো হয়। আলিপুরদুয়ার মহকুমা সহ কৃষি অধিকর্তা (প্রশাসন) রজত চট্টোপাধ্যায় বলেন , "চাষের তিন থেকে সাড়ে তিনমাসের মধ্যেই এই ফসল তুলতে পারে কৃষকেরা।ফলে এই চাষ হতে খুব কম সময়ই লাগে। আর এই চাষ সহজ হওয়ায় , কৃষকদের উপার্জনও ভালো হয়।" কৃষকদের হাতে কলমে এই মিলেট চাষের প্রশিক্ষণও দেওয়া হয়েছে ইতিমধ্যে আর একে কেন্দ্র করেই এবার কৃষিকাজে ঘুরে দাঁড়ানোর এবং নিজেদের জীবিকা ফিরে পাওয়ার আশা দেখছেন বক্সা পাহাড়ের কৃষকেরা। এ বিষয়ে বক্সা দুয়ারের এক কৃষক বলেন , "কমলা হোক কিংবা অন্যান্য ফসল , এই কৃষিকাজের জন্যও একসময় জনপ্রিয় ছিল এই বক্সার গ্রামগুলো।তবে সময়ের সাথে সাথে নানান সমস্যার কারনে তা হারিয়ে গিয়েছে। প্রশাসনের সাহায্য মিললে হয়তো ফের আমরা ঘুরে দাঁড়াতে পারবো।"

# জেলা পরিষদের পক্ষ থেকে সংস্কার




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ জুন : শীলবাড়ি হাটে জেলা পরিষদের তরফ থেকে নিকাশি নালা গুলো সংস্কার করা হয়েছে এমনটাই জানা গেছে ব্যবসায়ীদের কাছ থেকে রবিবার রাত সাতটা নাগাদ। রবিবার সকাল থেকেই নিকাশি নালার কাজ শুরু হয়েছে। দিনভর চলেছে নিকাশি নালা পরিষ্কার করার কাজ। আলিপুরদুয়ার জেলা পরিষদের অধীনে এই শীলবাড়ি হাটে নিকাশি নালা সংস্কার করার দাবি ছিল অনেকদিন আগে থেকেই। অল্প বৃষ্টি হলেই নিকাশি নালাগুলো ভরে যেত। অবশেষে জেলা পরিষদের কর্মকর্তারা দায়িত্ব নিয়ে নিকাশি নালাগুলি পরিষ্কার করা হয়েছে। জেলা পরিষদের সহকারী সভাধিপতি মনোরঞ্জন দে জানিয়েছেন ব্যবসায়ীদের অসুবিধার কথা চিন্তা করে নিকাশি নালাগুলো পরিষ্কার করা হয়েছে। শিলবাড়ি হাটে একটি বড় হাইড্রেন তৈরি করা হবে এমনটাও জানিয়েছেন তিনি।

# বালি পাচার রুখতে গিয়ে পুলিশকে বাঁধা জনতার ,ফালাকাটায়



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ জুন : পুলিশের কাজে বাঁধা দিতে গিয়েও শেষ রক্ষা হলো না বালি পাচার কারীদের। ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে ফালাকাটা থানার বংশীধরপুর এলাকায়। জনতার বাঁধাকে উপেক্ষা করে একটি ট্রাক্টর এবং একটি জেসিবি আটক করেছে ফালাকাটা থানার পুলিশ এমনটাই জানা গেছে ফালাকাটা থানার আইসি অভিষেক ভট্টাচার্যের কাছ থেকে। ফালাকাটা থানার আইসি পদে দায়িত্ব নেওয়ার পরেই তিনি বেশ কয়েকটি অভিযান চালিয়েছেন। নদী থেকে বালি তুলে নীচু জমি ভরাট করছেন অনেকেই আইনকে বুড়ো আঙ্গুল দেখিয়ে। রবিবার বংশীধর পুরে অবৈধ ভাবে বালি তোলার খবর পুলিশের কাছে পৌঁছানোর পরেই পুলিশ অভিযান শুরু করে। নদী থেকে বালি তুলে একজনের জমি ভরাট করার কাজ চলছিল। এরপরেই পুলিশ ট্রাক্টর টিকে থানায় নিয়ে আসতে গেলে বেশকিছু ব্যক্তি বাঁধা সৃষ্টি করে। সরকারি কাজে বাঁধার তোয়াক্কা না করেই পুলিশ ট্রাক্টর টিকে থানায় নিয়ে আসে। ফালাকাটা থানার আইসি অভিষেক ভট্টাচার্য জানিয়েছেন ট্রাক্টর চালক এবং পুলিশের কাজে বাধা দেওয়ার ফলে বেশ কয়েকজনের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হয়েছে। কুঞ্জনগর থেকে অবৈধভাবে জেসিপি দিয়ে বালি তোলার জন্য একটি জেসিপিকে আটক করা হয়েছে। অবৈধ ব্যবসায়ীদের বিরুদ্ধে পুলিশের অভিযান চলতেই থাকবে।






EI YUG । EDITOR - SUROJIT MALICK । OWNER - SUROJIT MALICK । PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , PIN-711403 ,STATE-WEST BENGAL । PRINTED BY SUROJIT MALICK AT " EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , STATE-WEST BENGAL ,PIN-711403 । CONTACT NO- 9062867921 ,9836753661 EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM । RNI : WBBEN/2020/81746 ।